শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- প্রথম

বিষয় :- বিজ্ঞান

একক :-ফলের কথা

পৃষ্ঠা(২২-২৪)

১।নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

ক) আম ,জাম, লিচু ,জলপাই, নারকেল -এগুলো কীসের নাম?

উত্তর:- কতগুলি ফলের নাম।

খ)ফলের সংজ্ঞা লেখ ।

উত্তর: বই পৃষ্ঠা-২২।

গ) গাছের কোন অংশ গাছের বংশ বৃদ্ধিতে সাহায্য করে ?

উত্তর :-ফল গাছের বংশ বৃদ্ধিতে সাহায্য করে ।

ঘ)ফলকে কী কী ভাগে ভাগ করা যায়?

উত্তর:- ফলকে রসের ভিত্তিতে, বীজের ভিত্তিতে বিভিন্ন ভাগে ভাগ করা যায়।

যথা :-রসের ভিত্তিতে:-১)রসালো বা সরস ফল।যেমন: আম,লিচু ইত্যাদি।

২)শুকনো বা নীরস ফল। যেমন: আখরোট বাদাম ইত্যাদি।

বীজের ভিত্তিতে:-১)একবীজ ফল। যেমন:আম,জাম ইত্যাদি।

২)বহু বীজ ফল ।যেমন:আতা,পেয়ারা ইত্যাদি।

ঙ)আমাদের জাতীয় ফল কোনটি ?এটি কী ধরণের ফল? উত্তর :-আমাদের জাতীয় ফল আম। এটি একটি সরস ও একবীজ ফল।

চ)পার্থক্য করো :-

১)নীরস ফল ও সরস ফল।

২)একবীজ ফল ও বহুবীজ ফল। উত্তর:- বইয়ের ২৩ ও ২৪ পৃষ্ঠা।

ছ)ফলের কোন অংশ থেকে নতুন গাছের জন্ম হয়? তার সংজ্ঞা লেখ ।

উত্তর :-ফলের ভেতরের বীজ বা আঁটি থেকে নতুন গাছের জন্ম হয়।

ফলের ভেতরে শক্ত অংশটিকে বীজ বা আঁটি বলে।

জ)তোমার প্রিয় যেকোনো একটি সরস -একবীজ ফলের ছবি আঁকা অভ্যাস করো।

উত্তর :-ছাত্রছাত্রীরা নিজের প্রচেষ্টায় আম আঁকা অভ্যাস করবে।

** এই প্রশ্ন-উত্তরের সাথে সমগ্র অধ্যায়টি ভালো করে রিডিং পড়বে ও বাকি প্রশ্ন উত্তর মুখস্থ করবে।

বিঃদ্রঃ

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**